

Prime Minister visits Hari Mandir and attends Community Reception at Orakandi

March 27, 2021

প্রধানমন্ত্রী হরি মন্দির পরিদর্শন করেছেন এবং ওড়াকান্দিতে এক ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিয়েছেন

মার্চ 27, 2021

প্রধানমন্ত্রী দু-দিনের বাংলাদেশ সফরের দ্বিতীয় দিনে ওড়াকান্দিতে হরি মন্দিরে গিয়ে ঈশ্বরের আর্শিবাদ প্রার্থনা করেন এবং পুজ্য ঠাকুর পরিবারের বংশধরদের সঙ্গে মিলিত হন।

ওড়াকান্দিতে প্রধানমন্ত্রী মতুয়া সম্প্রদায়ের প্রতিনিধিদের উদ্দেশে ভাষণ দেন। এই ওড়াকান্দি থেকেই শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরজি সমাজ সংস্কারের লক্ষ্যে তাঁর আধ্যাত্মিক বার্তা ছড়িয়ে দিয়েছিলেন। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, ভারত ও বাংলাদেশ উভয়ই তাদের অগ্রগতি ও উন্নয়নের মাধ্যমে সমগ্র বিশ্বের প্রগতি দেখতে চায়। উভয় দেশই বিশ্ব থেকে অস্থিরতা, সন্ত্রাস ও অশান্তির পরিবর্তে স্থিতিশীলতা, শান্তি ও করুণা প্রার্থনা করে। শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরজিও আমাদের একই মূল্যবোধ দিয়ে গেছেন।

প্রধানমন্ত্রী আরও বলেন, ভারত আজ 'সবকা সাথ, সবকা বিকাশ এবং সবকা বিশ্বাস' এই মন্ত্রকে অনুসরণ করে এগিয়ে চলেছে। বাংলাদেশ তার উন্নয়নের যাত্রাপথে 'সহযাত্রী' আদর্শ অনুসরণ করছে। একইসঙ্গে, বাংলাদেশ সমগ্র বিশ্বের কাছে উন্নয়ন ও পরিবর্তনের এক উজ্জ্বল দৃষ্টান্ত তুলে ধরছে। তাই, ভারতও বাংলাদেশের 'সহযাত্রী'র প্রয়াসে সামিল হতে চায়।

প্রধানমন্ত্রী ওড়াকান্দিতে বালিকাদের জন্য মাধ্যমিক স্তরের বিদ্যালয়টির মানোন্নয়নের পাশাপাশি, সেখানে একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কথা ঘোষণা করেন। প্রধানমন্ত্রী বলেন, শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরজির জন্ম বার্ষিকী উপলক্ষ্যে 'বারুনিমান' অনুষ্ঠানে অংশ নিতে প্রতি বছর ভারত থেকে অগণিত মানুষ ওড়াকান্দিতে আসেন। তাই এই অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আসা ভক্ত ও পুণ্যার্থীদের যাতায়াতের সুবিধার্থে আরও পদক্ষেপ গ্রহণ করা হবে।

ঢাকা

মার্চ 27, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.